

## ঃ বিআরটিএ'র গণবিজ্ঞপ্তি ঃ

ঃ ঢাক শহরের বাস/মিনিবাসে মহিলা, শিশু ও প্রতিবন্ধীদের আসন সংরক্ষণ প্রসঙ্গে ঃ

মোটরযান অধ্যাদেশ ১৯৮৩ এর ৬০(৩) (xxii) ধারায় স্টেজ ক্যারেজ (বাস/মিনিবাস ইত্যাদি) এর রুট পারমিট অনুমোদনের ক্ষেত্রে আরটিসি কর্তৃক আরোপযোগ্য শর্তসমূহের মধ্যে স্টেজ ক্যারেজের কিছু সংখ্যক আসন মহিলা, শিশু ও প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত রাখার বিধান মোতাবেক গত ২৯-০৩-২০০৮ তারিখে অনুষ্ঠিত ঢাকা মেট্রোপলিটন আঞ্চলিক পরিবহন কমিটি'র সভায় সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা শহর ও শহরতলীতে চলাচলরত বাসে ৯টি ও মিনিবাসে ৬টি আসন ড্রাইভারের পিছনে মহিলা, শিশু ও প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক ঢাকা শহর ও শহরতলীতে চলাচলরত সংশ্লিষ্ট পরিবহন কোম্পানী/মালিকদেরকে তাদের বাস/মিনিবাসে মহিলা, শিশু ও প্রতিবন্ধীদের জন্য বাসে ৯টি ও মিনিবাসে ৬টি আসন ড্রাইভারের পিছনে সংরক্ষিত রাখার বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। সংরক্ষিত আসন খালি থাকলে পুরুষ যাত্রীগণ বসতে পারবেন। তবে মহিলা, শিশু ও প্রতিবন্ধী যাত্রীগণ বাস/মিনিবাসে উঠলে তৎক্ষণাত সংরক্ষিত আসন ছেড়ে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সহকারী পরিচালক (ইঞ্চিঃঃ)  
বিআরটিএ, ঢাকা সার্কেল (উত্তর)